

দি সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন (বাংলাদেশ) লিঃ  
গাজীপুর-১৭০৩।

অফিস নির্দেশ নং- ৫৩.১৮.৩৩০০.০০৩.১৮.০০১.১৯- ২০৬

২২/০৪/১৪২৬ বঙ্গাব্দ  
তারিখ: -----  
০৬/০৮/২০১৯ খ্রী:

### শুদ্ধাচার চর্চার পুরস্কার, ২০১৮-১৯ প্রদান প্রসংগে।

সকল কর্মকর্তা ও কর্মচারীর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ‘সোনার বাংলা গড়ার প্রত্যয়; জাতীয় শুদ্ধাচার কৌশল’ শিরোনামে জাতীয় শুদ্ধাচার কৌশল মন্ত্রিসভা বৈঠকে ২০১২ সালে অনুমোদিত হয়। জাতীয় শুদ্ধাচার কৌশল এর ২.১.৩ অনুচ্ছেদের ৪ নম্বর ক্রমিকে শুদ্ধাচার চর্চার জন্য নির্বাহী বিভাগের কর্মচারীদের প্রণোদনা ও পারিতোষিক ব্যবস্থা প্রবর্তনের সুপারিশ করা হয়। শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের লক্ষ্যে ইতোমধ্যে ‘শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭’ প্রণীত হয়েছে। এ নীতিমালা অনুসরণে প্রতি অর্থ বছরে মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের আওতাধীন প্রতিটি দপ্তর/সংস্থার গ্রেড-১ হতে গ্রেড-১০ভুক্ত একজন কর্মচারী এবং গ্রেড-১১ হতে গ্রেড-২০ভুক্ত একজন কর্মচারীকে পুরস্কার প্রদানের জন্য দপ্তর/সংস্থা প্রধানের নেতৃত্বে বাছাই কমিটি গঠন করতে বলা হয়েছে। সে প্রেক্ষিতে ‘শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭’ এর প্রজ্ঞাপনের ৬.৩ ধারা অনুসারে এ করপোরেশনের ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের নেতৃত্বে ৪ (চার) সদস্য বিশিষ্ট কমিটি কর্তৃক সকল বিভাগ/উপ-বিভাগ থেকে মনোনীত কর্মকর্তা/কর্মচারীগণের গুণাবলীর সূচকের বিভিন্ন দিক যাচাই বাছাইকরত: সর্বসম্মতিক্রমে একজন কর্মকর্তা ও একজন কর্মচারীকে পুরস্কার প্রদানের জন্য মনোনীত করা হয়।

গত ৩১/০৭/২০১৯ তারিখে অনুষ্ঠিত পরিচালক পর্যদের ২২৭তম সভায় শুদ্ধাচার চর্চার পুরস্কার প্রদান নীতিমালা অনুযায়ী পুরস্কার প্রদানের জন্য বাছাই কমিটি কর্তৃক মনোনীত ১ জন কর্মকর্তা (গ্রেড-১০ ও তদূর্ধ্ব) জনাব মাহমুদ হাসনাত, উপ-ব্যবস্থাপক (এক্সামিনেশন) ও ১ জন কর্মচারী (গ্রেড-১১ ও তদনিম্ন) জনাব শামসুন নাহার, সিনিয়র সহকারী গ্রেড-এ কে শুদ্ধাচার চর্চার পুরস্কারস্বরূপ (২০১৮-১৯) একটি সার্টিফিকেট এবং এক মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রদানের অনুমোদন দেয়া হয়েছে।

তদপ্রেক্ষিতে জনাব মাহমুদ হাসনাত, উপ-ব্যবস্থাপক (এক্সামিনেশন), ও জনাব শামসুন নাহার, সিনিয়র সহকারী গ্রেড-এ (প্রশাসন) শুদ্ধাচার চর্চার পুরস্কারস্বরূপ একটি সার্টিফিকেট ও তাদের নিজ নিজ মূলবেতনের (জুন, ২০১৯ মোতাবেক) সমপরিমাণ অর্থ এককালীন প্রাপ্য হবেন। তাদের উভয়কে করপোরেশনের পক্ষ থেকে ধন্যবাদ জ্ঞাপনসহ নিজ নিজ কর্তব্য পালনে আরো দায়িত্বশীল হওয়ার এবং শুদ্ধাচার চর্চা অব্যাহত রাখার পরামর্শ প্রদান করা হলো।

উপর্যুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ নির্দেশ জারী করা হলো।

(মো: শহিদুল ইসলাম)  
উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন)

প্রশাসন বিভাগ  
পার্সোনেল সার্ভিসেস শাখা